-২৪২-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০৪.১৬-৮৬ তারিখ: ১৫/৪/২০১৮

পরিপত্র

বিষয়ঃ ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১ অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন প্রসংগে।

অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা মোকাবিলায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে অটিজম ও এনডিডি সমস্যা সনাক্তকরণ ও জীবনকাল ব্যাপি চাহিদার আলোকে স্বল্প ব্যয়ে জাতীয়, বিভাগীয়, জেলা ও ইউনিয়ন পর্যায়ে টেকসই সেবা প্রদান এবং সেবা কার্যক্রম পরিবীক্ষণের লক্ষ্যে সূচনা ফাউন্ডেশনের সহযোগিতায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১ প্রনয়ন করা হয়েছে। উক্ত ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১ যথাযথভাবে বাস্তবায়নকল্পে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় মাঠ পর্যায়ে বাস্তবায়নযোগ্য নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ চিহ্নিত করা হলো:

(১) মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা সম্পর্কে সচেতনতা সৃষ্টি,
(২) মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে গর্ভবতী মায়েদের স্বাস্হ্যসম্মতভাবে তৈরী পুষ্টিকর খাবার সম্পর্কে অবহিতকরণ,
(৩) মহিলা বিষয়ক অধিদপ্তরের কিশোর-কিশোরী ক্লাবের প্রশিক্ষণ মডিউলে অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা অন্তর্ভূক্তকরণ,
(৪) শিশু দিবাযত্ন কেন্দ্রে বিশেষ শিশুদের ভর্তি নিশ্চিতকরণ এবং কেন্দ্রে আগত অভিভাবকদের অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা সম্পর্কে অবহিতকরণ,
(৫) মন্ত্রণালয়ের সকল সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির আওতাধিন জনগণকে অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা সম্পর্কে সচেতনকরণ,
(৬) দরিদ্র গর্ভবতী মায়েদের পুষ্টি সহায়তার নিমিত্ত ভিজিডি, মাতৃত্ব ভাতা ও ল্যাকটেটিং ভাতা প্রাপ্ত সুবিধাভোগীদের প্রশিক্ষণ কার্যক্রমে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা অন্তর্ভূক্তকরণ,
(৭) জাতীয় মহিলা সংস্থার নিয়মিত উঠান বৈঠকে অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা সম্পর্কে সচেতনতা সৃষ্টি,
(৮) বাংলাদেশ শিশু একাডেমির আওতায় প্যারেন্টস ফোরামের আলোচনায় অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা অন্তর্ভূক্তকরণ,
(৯) জেলা ও উপজেলা পর্যায়ের সকল প্রশিক্ষণ কর্মসূচিতে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা অন্তর্ভূক্তকরণ,
(১০) দূর্যোগকালিন ও দূর্যোগোত্তর সময়ে অটিজম ও এনডিডি বৈশিষ্ট সম্পন্ন নারী ও শিশুদের সুরক্ষায় বিশেষ কার্যক্রম গ্রহণ,
(১১) মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষণ কার্যক্রমে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাষ্ট আইন ২০১৩ এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩-এ উল্লেখিত বিষয়গুলো অন্তর্ভূক্তকরণ,
(১২) সেবা প্রদানে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রনালয়/বিভাগ (যেমন-সমাজ সেবা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা,স্বাস্থ্য সেবা) ও এনজিওদের সাথে সমন্বয় রক্ষা করণ,
(১৩) সনাক্তকৃত সকল এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিশুর তথ্য সংরক্ষণ এবং
(১৪) যাদের পড়ালেখার নূন্যতম সক্ষমতা আছে তাদের বিদ্যালয়ে ভর্তির বিষয়ে পরামর্শ প্রদান এবং প্রয়োজনে তাদের তথ্যাদি বা তালিকা জেলা/উপজেলা সমাজ সেবা/প্রাথমিক ও গণশিক্ষা কার্যালয়ে প্রেরণ ।

২। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/একাডেমি চিহ্নিত কার্যক্রমসমূহ নিয়মিতভাবে বাস্তবায়ন করত: প্রতিমাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

১৫.৪.২০১৮
(নাছিমা বেগম এনডিসি )
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

বিতরণঃ

১। সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২। সচিব,সমাজকল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৩। সচিব, মধ্যিমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৫। সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,পরিবহন পুল ভবন,সচিবালয় লিংক রোড,ঢাকা।

৬। মহাপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।

৭। নির্বাহী পরিচালক,জাতীয় মহিলা সংস্থা,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।

৮। মহাপরিচালক, অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

৯। পরিচালক,বাংলাদেশ শিশু একাডেমী,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।

১০। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(সকল),মহিলা বিষয়ক অধিদপ্তর,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ।

১১। জেলা/উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা(সকল),বাংলাদেশ শিশু একাডেমী,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ।

১২। জেলা কর্মকর্তা,জাতীয় মহিলা সংস্থা(সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।